

# টমেটোর আগাম ধ্বসা রোগ

## রোগ পরিচিতি:

টমেটোর আগাম ধ্বসা একটি ছত্রাকজনিত রোগ যা *Alternaria sp.* দ্বারা ছড়ায়। এ রোগটি বীজের মাধ্যমে ছড়ায়। ফলে চারা রোগাক্রান্ত হয়। এ ছাড়া রোগাক্রান্ত অন্য গাছ থেকেও এ রোগটি ছড়াতে পারে। প্রাথমিক অবস্থায় রোগটি চারাতে আক্রমণ করে পরবর্তীতে বয়স্ক গাছে আক্রমণ করে।

## রোগের লক্ষণ:

এ রোগের আক্রমণে টমেটো গাছের পাতা, কান্ড, ডালপালা এবং ফল পোড়া পোড়া দেখা যায়। বয়স্ক পাতায় রোগের লক্ষণ প্রথম দেখা যায়। আক্রান্ত পাতার উপর কাল বা বাদামী রংয়ের বৃত্তাকার দাগ পড়ে। ক্ষত স্থানটি অনেকগুলি ছোট বড় বৃত্তের সমষ্টি। বেশি আক্রান্ত হলে পাতা হলুদ হয়ে ঝরে যেতে পারে। পাতার মত কান্ডে ও ফলেও বৃত্তাকার দাগ দেখা যায়। আক্রান্ত টমেটোতে দাগ বসানো মনে হবে। পাতা, গাছের কান্ড, ডালপালা এবং ফল পোড়া পোড়া হয়ে সমস্ত ফসল অতি দ্রুত পচে যায়।



ছবি: আক্রান্ত ফল ও পাতা।

## সমন্বিত বালাই ব্যবস্থাপনা:

- রোগমুক্ত গাছ থেকে বীজ সংগ্রহ করতে হবে।
- রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন জাত ব্যবহার করতে হবে।
- প্রতি লিটার পানিতে ২গ্রাম আইপ্রোডিয়ন বা মেনকোজেব গুপের ছত্রাকনাশক যেমন রোভোরাল বা ডাইথেন এম ৪৫ মিশিয়ে বীজ শোধন করতে হবে।
- একই জমিতে বার বার টমেটো চাষ করা যাবে না।
- সুস্থ, সবল ও রোগ সহনশীল জাত চাষ করতে হবে।
- পাতায় ১-২ টি দাগ দেখার সাথে সাথে প্রতি মেশিন (১০ লিটার) পানিতে ৫ চা চামচ (২০ গ্রাম) রোভোরাল/ম্যানকোজেব গুপের ছত্রাকনাশক মিশিয়ে স্প্রে করে ভালভাবে গাছ ভিজিয়ে দিতে হবে। ১ম বার স্প্রে করার ৭ দিন পর ২য় বার স্প্রে করতে হবে। ২য় বার স্প্রে করার ১৫ দিন পর ৩য় বার স্প্রে করতে হবে।
- আক্রান্ত গাছ সংগ্রহ করে পুড়িয়ে ফেলতে হবে।

## আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: [dppw@dae.gov.bd](mailto:dppw@dae.gov.bd)

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।